

আ'লীগ শিক্ষা উপ-কমিটির বৈঠক সীমাহীন দুর্নীতির ফলে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত

নিজস্ব বার্তা পরিবেশক

আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ উন্নয়ন উপ-কমিটির নেতৃবৃন্দ বলেছেন: শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সরকারিদলের সীমাহীন দলবাজি, দুর্নীতি ও তাদের ছাত্র সংগঠনের সন্ত্রাসী কর্মকাণ্ডের ফলে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হচ্ছে। গতকাল বৃহস্পতিবার সকালে দলের ধানমন্ডি কার্যালয়ে আয়োজিত উপ-কমিটির সভায় নেতৃবৃন্দ একথা বলেন।

উপ-কমিটির চেয়ারম্যান অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন কমিটির সম্পাদক নুরুল ইসলাম নাহিদ, অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, ড. হারুন রশীদ, শাহে আলম, বাহাদুর বেগারী প্রমুখ। নেতৃবৃন্দ বলেন, দুর্নীতি ও দলবাজির কারণে সেশনজট ও পরীক্ষা অনুষ্ঠানে বিলম্বসহ নানা ধরনের সমস্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। সভায়

গৃহীত প্রস্তাবে অবিলম্বে ছাত্র-শিক্ষকদের জন্য নিরাপদ শিক্ষার পরিবেশ এবং শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা ব্যবস্থাকে রক্ষা করার জন্য দেশের সব সচেতন মহলকে সোচ্চার হয়ে এগিয়ে আসার আহ্বান জানানো হয়।

সভায় গৃহীত অন্য প্রস্তাবে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের জন্য হল নির্মাণে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার কর্তৃক হলের পূর্ব কোণে রেলওয়ের ৪ একর জমি বিশ্ববিদ্যালয়কে হস্তান্তর করার সিদ্ধান্ত গ্রহণ করে এবং অমতা জাগের আগে ১.৫৪ একর জমি হস্তান্তর প্রতিশ্রুতি সম্পন্ন করেন। ওই স্থানে মহীয়সী নারী 'বেগম সুফিয়া কামাল হল' নির্মাণের প্রস্তাব বিশ্ববিদ্যালয়ের একটি কমিটি সর্বসম্মতিক্রমে গ্রহণ করেছিল এবং সিভিকিটের চূড়ান্ত অনুমোদনের অপেক্ষাবীন ছিল। কিন্তু অমতার পরিবর্তনের পর সব নিয়ম-নীতি সৌজন্য উপেক্ষা করে সরকারি অমতা ও প্রভাব খাটিয়ে 'বেগম সুফিয়া কামাল' এর পরিবর্তে এর নাম বর্তমান প্রধানমন্ত্রী 'বেগম বলেদা জিয়া হল' রাখার সিদ্ধান্ত ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে গৃহীত হয়েছে। 'বাধীন বাংলাদেশে এ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন হলের নামই জীবিত কোন ব্যক্তির নামে করা হয়নি। বেগম সুফিয়া কামালের নামে এই ছাত্রী হল প্রতিষ্ঠার পূর্ব সিদ্ধান্ত পরিবর্তনে সভায় গৃহীত প্রস্তাবে প্রতিবাদ করা হয় এবং আগের সিদ্ধান্ত অনুযায়ী হলের নামকরণের দাবি জানানো হয়।